সম্পত্তির মূল হেতু। এই অভিপ্রায়ে শ্রীপ্রহ্লাদ মহাশয় অসুরগণকে বলিয়াছিলেন—

তুষ্টে চ তস্মিন্ কিমলভ্যমনন্ত আদ্যে।

সেই সর্ব্বকারণকারণ শ্রীভগবান প্রসন্ন হইলে কি অলভ্য থাকে? বিশেষতঃ নিখিল সাধনের মুখ্য তাৎপর্য্য ভগবৎ সন্তোষ; অথচ সেই কীর্ত্তনে ভগবান্ যেমন সন্তুষ্ট হয়েন, তেমন আর কিছুতেই হয়েন না। স্কন্দপুরাণোক্ত চাতুর্ম্মাস্য মাহাত্ম্য বচনানুসারে পাওয়া যায়—

তথাচৈবোত্তমং লোকে তপঃ শ্রীহরিকীর্ত্তনম্।
কলৌযুগে বিশেষেণ বিষ্ণুপ্রীত্যৈ সমাচরেৎ॥

এই জগতে শ্রীভগবানের সঙ্কীর্ত্তনই সর্ব্বশ্রেষ্ঠ তপস্যা। বিশেষতঃ এই কলিযুগে শ্রীহরির প্রীতির জন্যই কীর্ত্তন করা কর্ত্তব্য। এইজন্য শ্রীশুকদেব গোস্বামীচরণ ১২।৩।৪৪ শ্লোকে শ্রীপরীক্ষিৎ মহারাজকে বলিয়াছিলেন—"সত্যযুগে শ্রীবিষ্ণুর ধ্যান করিয়া, ত্রেতাযুগে যজ্ঞ অনুষ্ঠান করিয়া এবং দ্বাপরযুগে ভগবানের পরিচর্য্যা করিয়া যে যে ফললাভ হয়, কলিযুগে শ্রীহরিকীর্ত্তনের দ্বারা মানবগণ সেই সেই ফললাভ করিয়া থাকে।" অন্যত্রও দেখা যায়—সত্যযুগে ধ্যান করিয়া, ত্রেতাযুগে যজ্ঞ করিয়া এবং দ্বাপরযুগে ভগবানের অর্চ্চন করিয়া সাধকগণ যে ফললাভ করেন, কলিযুগে শ্রীকেশবের নামাদি সঙ্কীর্ত্তন করিয়া সেই সকল ফললাভ হইয়া থাকে॥ ২৭০॥

অতএব কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ। যত্র সঙ্কীর্ত্তনেনৈব সর্ব্বঃ স্বার্থোঽভিলভ্যতে॥ ২৭১॥

গুণজ্ঞাঃ কীর্ত্তনপ্রচাররূপং তদ্‌গুণং জ্ঞানন্তঃ। অতএব তদ্দোষাগ্রহণাৎ সারভাগিনঃ সারমাত্রগ্রহণাঃ কলিং সভাজয়ন্তি। গুণমেব দর্শয়তি, যত্র প্রচারিতেন সঙ্কীর্ত্তনেনৈব সাধনান্তর নিরপেক্ষেণ তেনেত্যর্থঃ। সর্ব্বঃ ধ্যানাদিভিঃ কৃতাদিষু সাধন সহস্রৈঃ সাধ্যঃ। কীর্ত্তনস্যৈব মহিমানমাহ ন হ্যতঃ পরমো লাভো দেহিনাং ভ্রাম্যতামিহ। যতো বিন্দেত পরমাং শান্তিং নশ্যতি সংসৃতিঃ॥ ২৭২॥

অতঃ কীর্ত্তনাৎ। যতো যস্মাৎ কীর্ত্তনাৎ পরমাং শান্তিং শমোমন্নিষ্ঠতা বুদ্ধেরিতি ভগবদ্বাক্যানুসারেণ ধ্যানাদভিরপ্যসাধ্যাং সর্ব্বোৎকৃষ্টাং ভগবন্নিষ্ঠাং প্রাপ্নোতি অনুষঙ্গেণ সংসারশ্চ নশ্যতি। অতএব ধ্যাননিষ্ঠা অপি কৃতাদিপ্রজা এতাদৃশীং ভগবন্নিষ্ঠাং ন প্রাপ্তবত্যঃ। মহাভাগবতা নিত্যং কলৌ কুর্ব্বন্তি কীর্ত্তনমিতি স্কান্দাদ্যনুসারেণ তাদৃশনিষ্ঠাকারণং কীর্ত্তনমাহাত্ম্যঞ্চ দীনৈককৃপাতিশয়শালিনা ভগবতা তদানীং তত্তৎসামর্থ্যাবসরে যস্মাৎ ন প্রকাশিতং, তস্মাৎ ধ্যানাদিসমর্থাস্তাঃ প্রজা জিহ্বৌষ্ঠ স্পন্দনমাত্রস্য নাতিসাধনত্বং ভবেদিতি মত্বা তন্ন শ্রদ্ধিতবত্যশ্চ। ততঃ কলিপ্রজানাং